

উপজেলা সমাজকল্যাণ পরিষদ

উপজেলা সমাজকল্যাণ পরিষদের গঠন

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সারা দেশে তৃণমূল পর্যায়ে সমাজকল্যাণমূলক কার্যক্রম বিস্তৃত এবং সঠিকভাবে পরিচালনার জন্য দেশের প্রতিটি উপজেলায় উপজেলা সমাজকল্যাণ পরিষদ গঠন করেছে। উপজেলা সমাজকল্যাণ পরিষদ প্রতিমাসে একবার সভায় মিলিত হবে। উপজেলা সমাজকল্যাণ পরিষদের বেসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হতে তিন বছর। উপজেলা নির্বাহী অফিসার এ পরিষদের সভাপতি এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা সদস্যসচিব। উপজেলা সমাজকল্যাণ পরিষদের রূপরেখা নিম্নরূপ :

১. উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২. উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা	সহসভাপতি
৩. উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
৪. উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	সদস্য
৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৭. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
৮. উপজেলা সমবায় কর্মকর্তা	সদস্য
৯. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১০. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)	সদস্য
১১. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ২ (দুই) জন প্রখ্যাত সমাজকর্মী	সদস্য
১২. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ১ (এক) জন মহিলা সমাজকর্মী	সদস্য
১৩. উপজেলা সমাজসেবা কর্মকর্তা	সদস্যসচিব

উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যাবলি

- সংশ্লিষ্ট উপজেলার বিভিন্ন সামাজিক সমস্যা চিহ্নিতকরণ এবং সেসকল সমস্যা সমাধানের সুপারিশ প্রণয়ন;
 - সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধীকৃত সকল সমিতি/সংস্থার কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা, তাদের কর্মকাণ্ডে উৎসাহ প্রদান এবং সেগুলোকে শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ;
 - বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সংস্থা/সমিতিতে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয় পর্যালোচনা;
 - উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যক্রম জোরদার করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ;
 - আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
 - উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারি অনুদান প্রদানের জন্য জেলা সমাজকল্যাণ পরিষদের নিকট সুপারিশ পেশ;
 - সরকারি এবং অসরকারি পর্যায়ে উপজেলার সমাজকল্যাণমূলক কার্যক্রমের উপর ষাণ্মাসিকভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন এবং প্রতি বছরের ১৫ জুলাই ও ১৫ জানুয়ারির মধ্যে জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ;
 - সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হতে উপযুক্ত রশিদ প্রদান ও যথাযথ হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ;
- (ঝ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।